

346761 - Golden Farm ওয়েবসাইটে বিনিয়োগ করার হুকুম কি?

প্রশ্ন

আমি ৮ মাস যাবত একটি বিনিয়োগ ওয়েবসাইটে কাজ করছি। আমার চ্যানেলে এ ওয়েবসাইটের বিজ্ঞাপন দিয়েছি। তবে আমার ভয় হচ্ছে আমার কাজটি হারাম। যে ওয়েবসাইটে আমি কাজ করছি এর নাম golden Farm। পাখি কেনার জন্য। শুধু পাখি কেনার জন্য এবং পাখির ডিম বিক্রি করে লাভ করা। এটি একটি ইলেকট্রনিক গেইম। আমি প্রায় ৯ মাস ধরে ৭ ডলার বিনিয়োগ করেছি। যারা আমার পাঠানো লিংক ব্যবহার করে রেজিস্ট্রেশন করেছে সেটার স্বীকৃতি দেয়া হয়েছে। ওয়েবসাইটে লেখা আছে লাভ অর্জিত। এটি কি হালাল; নাকি হারাম?

প্রিয় উত্তর

এ ওয়েবসাইটে দুটো কারণে বিনিয়োগ করা জায়েয নয়:

এক: সুদ। যেহেতু সাবস্ক্রাইবার অতিরিক্ত অর্থ পাওয়ার জন্য কিছু অর্থ প্রদান করে থাকে; প্রকৃতপক্ষে কোন বিনিয়োগের অস্তিত্ব নাই। বরং এটি একটি গেইম; তাতে সে কিছু পাখি কিনে। প্রত্যেকটি পাখি প্রতি ঘণ্টায় নির্দিষ্ট পরিমাণ ডিম পাড়ে। ডিম পাড়ার পর ডিমগুলো বিক্রি করে। বাস্তবে কোন মুরগীও নাই; ডিমও নাই। বরঞ্চ কিছু অর্থ পাওয়ার জন্য সে কিছু অর্থ প্রদান করে। এটি হারাম। চাই সে যা পাবে সেটা জ্ঞাত হোক কিংবা অজ্ঞাত হোক।

এটি সুদের নব-উদ্ভাবিত পদ্ধতি। খেলার মাধ্যমে যার চর্চা করা হচ্ছে। সুদ একটি কবির গুনাহ। সুদের লেনদেনকারী লানতপ্রাপ্ত।

শরিয়ত অনুমোদিত বিনিয়োগের কিছু শর্ত রয়েছে। এখানে এর কোনটি পাওয়া যাচ্ছে না। বাস্তবে ওয়েবসাইটটির কোন বিনিয়োগ আছে মর্মে জানা যায় না। লাভের অনুপাতের ব্যাপারে কোন চুক্তি নাই। আবার মূলধন ঠিক থাকার নিশ্চয়তা প্রদান। এগুলো সবই অংশীদারিত্ব ব্যবসা ও শরিয়ত অনুমোদিত বিনিয়োগের সাথে সাংঘর্ষিক।

বিনিয়োগের শর্তগুলো জানতে [113852](tel:113852) নং প্রশ্নোত্তরটি পড়ুন।

দুই: জুয়া ও বাজি। যা লিংক শেয়ার করা ও অন্যদেরকে আহ্বান করার মাধ্যমে লাভ করার সাথে সম্পৃক্ত। আর তা অর্জিত হয় না পাখি কেনার সময় অর্থ প্রদান করা ছাড়া।

ইতিপূর্বে একাধিক ফতোয়াতে উল্লেখ করা হয়েছে যে, যদি ওয়েব মার্কেটিং এর জন্য পেমেন্ট করতে হয় তাহলে সেটা হারাম এবং সেটি জুয়ার অন্তর্ভুক্ত।

এর সাথে মানুষকে সুদী বিনিয়োগে অংশগ্রহণ করার জন্য আহ্বান করার হারাম হওয়া তো আছেই।

অতএব, আপনার কর্তব্য হলো আল্লাহর কাছে তাওবা করা। এই ওয়েবসাইটে লেনদেন করা বাদ দেয়া। মানুষকে এর দাওয়াত দেয়া বর্জন করা এবং যাদেরকে আপনি ডেকে এনেছেন তাদেরকে এটি ছেড়ে দিতে বলা এবং তাদেরকে জানিয়ে দেয়া যে, এ ওয়েবসাইটের সাথে লেনদেন করা হারাম।

আল্লাহুই সর্বজ্ঞ।